উপজেলা পরিষদ কার্যালয়
চকরিয়া, কক্সবাজার।
www.chakaria.coxsbazar. gov.bd

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০১.০২.০১৭.২৪- ১০১২

তাং : ০৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভা।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চকরিয়া উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের 'মাসিক সভা' আগামী ২৪/১১/২০২৪খ্রিঃ (রোজঃ রবিবার) সকালঃ ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তন 'মোহনা'য় অনুষ্ঠিত হবে।

উক্ত তারিখে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২. গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
০৩. বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
০৪. বিবিধ।

(মোঃ ফখরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।
☏ ০৩৪২২-৫৬০৫০

প্রাপক ঃ ....
....
....

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০১.০২.০১৭.২৪- ১০১২

তাং : ০৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার জেলা।
০৫। সংরক্ষণ নথি।

উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।

উপজেলা পরিষদ

চকরিয়া, কক্সবাজার।

নভেম্বর/২০২৪ মাসের চকরিয়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : **জনাব মো: ফখরুল ইসলাম,** প্রশাসক, উপজেলা পরিষদ, চকরিয়া।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন 'মোহনা' চকরিয়া।
সভার তারিখ ও সময় : ২৪/১১/২০২৪খ্রি: সকাল : ১১.৩০ ঘটিকা।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় ও তার উপর বিশদভাবে আলোচনান্তে কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর বিভাগ ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্মকর্তা
০১.	**উপজেলা কৃষি অফিস ঃ** **উপজেলা কৃষি অফিসার, চকরিয়া** জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরে খপির-২ মৌসুমে ১৯৩০৫ হেক্টর আমন ধান আবাদ হয়েছে এবং আমন ধান কর্তন চলমান আছে। চলতি রবি/২৪-২৫ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় ১০১০ জন কৃষকের মাঝে সরিষা, ভুট্টা, চিনাবাদাম ও গম ফসলের সার ও বীজ বিতরণ করা হয়েছে। তাছাড়া মাঠে বোরো বীজতলা প্রস্তুতি শুরু হয়েছে। বোরো আবাদ নির্বিঘ্নে করার লক্ষ্যে আগামী ৩০/১১/২০২৪খ্রি: তারিখের মধ্যে রাবার ড্যাম ফুলাতে হবে এবং বিভিন্ন ইউনিয়নে বিদ্যমান স্লুইচ গেইট বন্ধ করতে হবে। বর্তমানে রাসায়নিক সারের কোন সংকট নাই। অদ্য তারিখে ইউরিয়া ১৪০ মে:টন, এমওপি ৩৪ মে:টন, ডিএপি ১১৯ মে:টন ও টিএসপি ৫৩ মে:টন মজুদ আছে।	১। বোরো আবাদের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। আগামী ৩০ নভেম্বরের মধ্যে রাবার ড্যাম ফুলানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা কৃষি কর্মকর্তা, চকরিয়া। ২। এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া।
০২.	**ত্রাণ বিভাগ ঃ** **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া** জানান, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধীনে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় সর্বমোট ৮০টি প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত প্রকল্পের কাজের অগ্রগতি ৮০%। সম্পাদিত কাজের গুণগতমান সন্তোষজনক। তিনি আরো জানান যে, ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। অনুমোদন প্রাপ্তির পর কাজ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হবে। ২। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধীনে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় সর্বমোট ৯৭টি প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত প্রকল্পের কাজের অগ্রগতি ৮৫%। সম্পাদিত কাজের গুণগতমান সন্তোষজনক। তিনি আরো জানান যে, ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। অনুমোদন প্রাপ্তির পর কাজ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হবে।	১। অসমাপ্ত প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা হয়। ২। অসমাপ্ত প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া।
০৩.	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ** **উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া** সভাকে জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP)'র প্রকল্প হতে ইউপি চেয়ারম্যান ও বিভাগীয় প্রধানদের নিকট হতে প্রকল্প পাওয়া যায়। প্রকল্প যাচাই-বাছাই কমিটির মাধ্যমে চূড়ান্ত প্রকল্প তালিকা মোতাবেক বার্ষিক উন্নয়ন তহবিল (ADP)'র প্রকল্পের ৩৪টি প্রকল্পের মধ্যে ২০টি প্রকল্পের টেন্ডার ও ১৪টি প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুমোদন পাওয়া যায়। সেই প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে দরপত্র আহবান পূর্বক প্রকল্প বাস্তবায়নের জন্য সদয় অনুমোদনের নিমিত্তে সভায় উপস্থান করেন।	২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP)'র প্রকল্প ইউপি চেয়ারম্যান ও বিভাগীয় প্রধানদের নিকট হতে প্রাপ্ত প্রকল্প সমূহ যাচাই-বাছাই কমিটির মাধ্যমে চূড়ান্ত প্রকল্প তালিকা অনুমোদন দেওয়া হল। প্রাক্কলন প্রস্তুত করে দরপত্র আহ্বান পূর্বক প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিশিষ্ট- 'গ'	১। ক) উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া। খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া।

০৪.	**উপজেলা সমাজসেবা অধিদপ্তর ঃ** **উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া** সভাকে জানান, উপজেলা সমাজসেবা কর্তৃক সকল ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন শেষ হয়েছে এবং ১ম কিস্তির পে-রোল পাঠানো সম্পূণ্য হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, দলিত হরিজন সহ সকল ভাতা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া।
০৫.	**উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ ঃ** **উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা,** চকরিয়া জানান, ১। বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান সমূহের (ল্যাব/ ডায়গনস্টিক সেন্টার/ ক্লিনিক) মান নিয়ন্ত্রনের জন্য প্রতি ২-৩ মাস অন্তর অন্তর প্রশাসন, স্বাস্থ্য ও পুলিশ বিভাগের সমন্বয়ে মোবাইল কোর্ট পরিচালনা করা জরুরী। ২। কুকুরে কামড়ানো রোগীদের জন্য সরকারীভাবে অপ্রতুল র‍্যাবিস ভ্যাকসিন সরবরাহের কারণে উপজেলা পরিষদের স্বাস্থ্য খাতের বরাদ্দ হতে নিয়মিতভাবে র‍্যাবিস ভ্যাকসিন সরবরাহের প্রয়োজন। ৩। হরমোন অ্যানালাইজার এর অভাবে হরমোন সম্পর্কিত বিভিন্ন পরীক্ষা করা সম্ভব হচ্ছে না। উক্ত সমস্যা সমাধানে উপজেলা পরিষদের স্বাস্থ্য খাতের বরাদ্দ হতে একটি হরমোন অ্যানালাইজার সরবরাহের প্রয়োজন।	১। বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান সমূহের (ল্যাব/ ডায়গনস্টিক সেন্টার/ ক্লিনিক) মান নিয়ন্ত্রনের জন্য প্রতি ২-৩ মাস অন্তর অন্তর প্রশাসন, স্বাস্থ্য ও পুলিশ বিভাগের সমন্বয়ে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। উপজেলা পরিষদের স্বাস্থ্য খাতের বরাদ্দ হতে নিয়মিতভাবে র‍্যাবিস ভ্যাকসিন সরবরাহের ব্যবস্থা করা সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। উপজেলা পরিষদের অর্থায়নে একটি হরমোন এনালাইজার এর ব্যবস্থা করা সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া। ২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া। ৩। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া।
০৬.	**খাদ্য বিভাগ ঃ** **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া** জানান, ২০২৪-২০২৫ অর্থ বছর ভিডব্লিউ খাতে চলমান রয়েছে এবং খাদ্য বান্ধব কার্যক্রম চলমান আছে। খোলা বাজারে টিসিবি খাতে চাল বিক্রয়ের কাজ চলমান আছে। বর্তমানে চিরিংগা খাদ্য গুদামে আতপ চাল ৫০৭.৬৩২ মে:টন, সিদ্ধ চাল ৯৪.৬২৯ মে:টন ও গম ৯৩.৩১২ মে:টন মজুদ আছে। বদরখালী খাদ্য গুদামে প্রকৃত মজুত আতপ চাল ৩০১.০০ মে:টন।	১। উপজেলায় খাদ্যসামগ্রী মজুদ সংক্রান্ত সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখার সিদ্ধান্ত হয়। ২। কৃষি অ্যাপসের মাধ্যে কৃষকদের কাছ থেকে ধান ও চাল ক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া।
০৭.	**উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ** **উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া** জানান, সমতল ভূমিতে অনগ্রসর ক্ষুদ্র-নৃগোষ্ঠীর আর্থসামাজিক ও জীবনমান্নোয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় চকরিয়া উপজেলার ১১২ জন ক্ষুদ্র-নৃগোষ্ঠীর জনসাধারণের মাঝে মুরগির ঘর বিতরণ করা হয়েছে। পিপিআর রোগ নির্মুল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় চকরিয়া উপজেলায় ২৯০০০ এর অধিক ছাগল ও ভেড়াকে পিপিআর রোগের টিকা প্রদান করা হয়েছে। প্রাণিচিকিৎসার সুবিধার্তে প্রাণিসম্পদ দপ্তরে একটি এনিম্যাল শেড নির্মাণ করার জন্য সভায় অনুরোধ করেন। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	১। গবাদি পশু, হাঁস-মুরগিসহ অন্যান্য সকল পোষ্য প্রাণীর টিকা ও চিকিৎসা সেবা খামারিদের নিকট সুলভ সরবরাহ নিশ্চিত করার সিদ্ধান্ত হয়। ২। প্রাণিচিকিৎসার সুবিধার্তে প্রাণিসম্পদ দপ্তরে একটি এনিম্যাল শেড নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া। ২। উপজেলা প্রকৌশলী এলজিইডি, চকরিয়া।
০৮.	**উপজেলা শিক্ষা অফিস ঃ** **উপজেলা শিক্ষা কর্মকর্তা, চকরিয়া** জানান, ২০২৪ শিক্ষা বর্ষে বিনামূল্যে বিতরণের জন্য পাঠ্য পুস্তকের মোট চাহিদা ২৪৭২৩০ কপি। ইতোমধ্যে বিভিন্ন প্রেস থেকে ২২৬৯৫০ কপি পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে। পাঠ্য পুস্তক প্রাপ্তির হার প্রায় ৯১ শতাংশ। আশা করা যায় অবশিষ্ট চাহিত পাঠ্য পুস্তক যথাসময়ে সরবরাহ করা হবে। এ ব্যাপরে সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে।	যথাসময়ে শতভাগ পাঠ্য পুস্তক প্রাপ্তি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া।
০৯.	**মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, চকরিয়া** জানান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের কার্যক্রম স্বাভাবিক চলছে। ৬ষ্ট এবং ৭ম শ্রেণীতে মূল্যায়ন কার্যক্রম চলছে। ২০২৪ সনে নতুন শিক্ষা ক্রমের আওতায় ৮ম ও ৯ম শ্রেণীতে পাঠদানকারী শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবকদের নিয়ে মত বিনিময় সভা করা হয়েছে।	নতুন কারিকুলাম অনুযায়ী ছাত্র-ছাত্রীদের মানসম্মত শিক্ষা প্রদানের লক্ষ্যে বিদ্যালয় সমূহ নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চকরিয়া।

১০.	**বিএডিসি, চকরিয়া ইউনিট (সেচ) ঃ** **উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, চকরিয়া** জানান, গত ৫ তারিখ ডাবল লিফটিং এর মাধ্যমে সেচ উন্নয়ন প্রকল্প এর সম্প্রসারণের লক্ষ্যে ৯৮টি খাল পুন:খননের জন্য, ছোট বড় প্রায় ৩০০টি সেচ প্রকল্প, বহমান মিঠাপানির ছড়ার উপর ২৫টি স্লুইচ গেইট ও ছোট বড় ২০৫টি কালভার্টের তালিকা প্রেরণ করা হয়। চলতি মৌসুমে বাস্তবায়নের লক্ষ্যে "চট্টগ্রাম ও কক্সবাজার জেলা সেচ উন্নয়ন প্রকল্প" এবং "Partner Project" এর কাজের তালিকা প্রেরণের উদ্দেশ্যে তালিকা প্রণয়ন করা হচ্ছে। 'Southern agriculture improvement project' বা SAIP এর জন্য প্রস্তাবিত কাজের তালিকা তৈরী করা হচ্ছে। মিঠা পানির বহমান ছড়া/খালের উপর রাবারড্যাম স্থাপনের লক্ষ্যে ৮টি সাইট নির্বাচন করে প্রকল্পে অন্তর্ভূক্ত করার জন্য নির্ধারিত হল। তিনি আরো জানান, বিএডিসি চকরিয়া ইউনিট অফিসের গেইটের পাশের বিল্ডিং থেকে ময়লা আবর্জনা ফেলে অস্বাস্থ্যকর পরিস্থিতি তৈরী করছে। জনৈক ডাক্তার আব্বাস এর বিল্ডিং থেকে উক্ত ময়লা গুলো ফেলা হচ্ছে। এর জন্য একটা ব্যবস্থা গ্রহণ করা দরকার। স্থানীয় জনপ্রতিনিধি সহ গন্যমান্য মানুষ ও সেবা গ্রহীতারা আমার অফিসে ডুকতে গেলে গেইটে অস্বাস্থ্যকর পরিস্থিতি দেখে খুবই বিব্রত রোধ করেন।	১। উল্লেখিত প্রকল্প ও কর্মসূচি গুলোর প্রস্তুতকৃত তালিকা সমূহ যথাসময়ে প্রেরণ ও পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। বিএডিসি চকরিয়া ইউনিট অফিসের গেইটে ডাক্তার আব্বাসের বিল্ডিং থেকে ময়লা আবর্জনা ফেলে অস্বাস্থ্যকর পরিস্থিতি সৃষ্টি করায় চকরিয়া পৌরসভা উক্ত ময়লা অপসারণ ও বিল্ডিং মালিকে সর্তক করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বিএডিসি, চকরিয়া। ২। মেয়র, চকরিয়া পৌরসভা।
১১.	**উপজেলা সমবায় অফিস ঃ** **উপজেলা সমবায় অফিসার, চকরিয়া** জানান, বর্তমান মাস পর্যন্ত নিবন্ধিত সমিতির সংখ্যা ৩৬২টি, কার্যকর সমিতির সংখ্যা ৩০৫টি, অকার্যকর সমিতির সংখ্যা ৫৭টি, ২০২৪-২০২৫ অর্থ বছরে অডিট ফি আদায় ৫২৫২০/- টাকা, সিডিএফ আদায় ২৬৫৮৮৫/- টাকা, আদায়কৃত টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। বর্তমান মাসে সেলাই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ২০ জনকে, ইলেকট্রিকাল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ২০ জন কে। আশ্রয়ন ফেইজ-২ খাতে আদায় ৫৭২০/- টাকা, আশ্রয়ন-২ খাতে আদায় ১২৫২০/- টাকা, মুজিব শতবর্ষ নির্মিত আশ্রয়ন সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে ৫টি। আরো ২টি আশ্রয়ন সমিতি নিবন্ধনের প্রক্রিয়ায় রয়েছে। দাপ্তরিক কার্যক্রম চলমান।	নিয়মিতভাবে আশ্রয়ন/ আশ্রয়ন ফেইজ-২ এর ঋণ আদায়ের বিষয়টি জোরদার করণ, সমিতি নিয়মিত পরিদর্শন ও তদারকীর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা, চকরিয়া।
১২.	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চকরিয়া** জানান, ১৭টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ও মাঠ পর্যায়ের চলমান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিগত মাসে ১৬টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে (UH & FWC) স্বাভাবিক প্রসব সেবা দেয়া অর্থাৎ কেন্দ্রে প্রসবের সংখ্যা ২৪২। বিগত মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৮৭৭৯৩ জন। তৎমধ্যে জন্ম নিয়ন্ত্রন খাবার বড়ি ব্যবহারকারীর সংখ্যা ৩৩৯৫৮ দম্পতি, ১০ বছর মেয়াদী IUD ব্যবহারকারী ২১৪৫ দম্পতি, ০৫ বছর মেয়াদী Inplant গ্রহীতা ৫০৪৪ দম্পতি, স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা ৫৬৩৭ দম্পতি। বিগত মাসে অত্র উপজেলায় গর্ভবতী মায়ের সংখ্যা ৪৭৭৯ জন। তৎমধ্যে ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে গর্ভকালীন সেবা (ANC) দেয়া হয়েছে ১৩১৪ জনকে। সাধারণ রোগীকে সেবা দেয়া হয়েছে ৭৮৩৫ জন রোগীকে। ১৭টি ইউনিয়ন হাসপাতালে এখন ২৪ ঘন্টা বিনামূল্যে ডেলিভারী সেবা দেয়া হয়।	১। ইউপি চেয়ারম্যানগণ ০-৪৫ দিনের মধ্যে নবজাতকের জন্ম নিবন্ধন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা, মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের মাধ্যমে জন্ম নিয়ন্ত্রণ, মা ও শিশুর স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প: প: কর্মকর্তা, চকরিয়া।
১৩.	**মহিলা বিষয়ক বিভাগ ঃ** **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া** জানান, অত্র উপজেলার ১৮টি ইউনিয়নে ১৪৪৬ জন উপকারভোগীর মাঝে ৩০ কেজি হারে সর্বমোট ৪৩.৩৮ মে:টন ভিজিডির পুষ্টি চাল বিতরণ করা হয়। প্রতিটি ইউনিয়নে ৬জন করে ১৮টি ইউনিয়নে ১০৮ জন ও চকরিয়া পৌরসভার ১৩ জন ভাতাভোগীকে মাসিক ৮০০/- টাকা হারে মা ও শিশু সহায়তা তহবিল হতে ভাতা প্রদান করা হচ্ছে। ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ৫,০০০/-, ১০,০০০/-, ১৫,০০০/- ও ২০,০০০/- টাকা করে ১২০ জনকে সর্বমোট ১১,৯৬,০০০/- টাকা জুন/২১ এর পূর্বে বিতরণ করা হয়। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে ১৮টি ইউনিয়ন ও ১টি পৌরসভা সহ মোট ১৯টি ক্লাব রয়েছে। প্রতিটি ক্লাবে ১০ জন কিশোর ও ২০ জন কিশোরী ত্রৈ-মাসিক ভিত্তিতে প্রশিক্ষণ করেন। অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	ভিজিডি কর্মসূচি, ক্ষদ্র ঋণ কর্মসূচি, মাতৃত্বকালীন ভাতার কর্মসূচি, বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম সহ দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বলা হল।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া।
১৪.	**মৎস্য বিভাগ ঃ** **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া** জানান, সম্প্রতি মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩ সফলভাবে বাস্তবায়িত হয়েছে। জেলেদের ভিজিএফ চাল বিতরণও সম্পন্ন হয়েছে। আশা করা যায় এ বছর ইলিশ উৎপাদন আরও বৃদ্ধি পাবে। বর্তমানে প্রশিক্ষণ, মাছ চাষীদের পরামর্শ প্রদানসহ অন্যান্য রুটিন কার্যক্রম চলমান রয়েছে।	মিঠা পানির মৎস্য চাষীদের উন্নতমানের মাছ চাষের জন্য নিয়মিত প্রশিক্ষণ ও বিভিন্ন পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া।

১৫.	**যুব উন্নয়ন অধিদপ্তর ঃ** **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া সভাকে** জানান, চলতি অর্থবছরে ঋণ বিতরণ ২,৭৬,৩৩,২০০/- টাকা। প্রশিক্ষণ প্রদান করা হয় ৪৯৪৫ জনকে, যুব সংগঠন নিবন্ধন করা হয় ১৫টি, চলতি মাসে ঋণ আদায়ের হার ১০০%, ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার ৯৪%। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	চলমান কার্যক্রম আরো গতিশীল করার ও নিয়মিত মাসিক সভায় অগ্রগিত সম্পর্কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া।
১৬.	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ** **সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চকরিয়া এর প্রতিনিধি জানান,** "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" ২০২৩-২০২৪ অর্থ বছরের ইউনিয়নে বরাদ্দ কার্যক্রম শুরু করা হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহে GPS/NNGPS/PEDP-4 প্রকল্পের আওতায় পানির উৎস স্থাপন ও WASH Block নির্মানের জন্য মাঠ পর্যায়ের সকল বিদ্যালয় সমূহে পরিদর্শন ও উপজেলা শিক্ষা অফিসারের সাথে সমন্বয় করে তালিকা প্রণয়ন করা হয়েছে। মুজিব বর্ষের জন্য নির্মিত আশ্রয়ণ প্রকল্প সমূহে পানি উৎস স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। বদরখালী ইউনিয়নের পানির সংকট নিয়ে জেলা কার্যালয় হতে নির্দেশনার প্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থ বছর পর্যন্ত ১৫০টি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। আরো নতুন কার্যক্রম চলমান। বিগত মাসে উক্ত অফিস সরাসরি ২২৫০ জনকে পানি ও স্যানিটেশন সম্পর্কিত টেকনিক্যাল পরামর্শমূলক সেবা দিয়েছে। EMCRP-DPHE এর মাধ্যমে যে সকল Minipiped Water Supply Scheme এর কাজ চলমান সে গুলোর জন্য গঠিত পরিচালনা কমিটির মাধ্যমে পানি সেবার ফি নির্ধারণে আলোচনা হয়। তিনি আরো জানান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর চকরিয়া কার্যালয়ের নতুন নিরাপত্তা বাউন্ডারি ওয়াল নির্মাণের কাজ শুরু করা হবে।	১। "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" ২০২৩-২০২৪ অর্থ বছরের দ্রুত কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সহযোগীতার সিদ্ধান্ত হয়। ২। মাস্টার প্ল্যান প্রনয়ন করে উক্ত বিদ্যালয় সমূহের দ্রুত DTW & Wash Block স্থাপনের সিদ্ধান্ত হয়। ৩। মুজিব বর্ষের আশ্রয়ণে দ্রুত পানির উৎস স্থাপনের কাজ শেষ করার সিদ্ধান্ত হয়। ৪। স্কীম ভিত্তিক আলাদা বৈঠক করে পানি সেবা ফি নির্ধারণের সিদ্ধান্ত হয়।	সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), চকরিয়া।
১৭.	**পল্লী উন্নয়ন অফিস ঃ** **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া** জানান, অপ্রধান শস্য প্রকল্পের আওতায় ১টি দলের ১০ জন সদস্যের মাঝে ২,৯০,০০০/- টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়। পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) এর আওতায় গত মাসে ১৮৬২০০০/- টাকা ও পল্লী উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ২৩৭৫০০০/- টাকা ১৯ জন উদ্যোক্তার মাঝে বিতরণ করা হয়। তাছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম ঋণ আদায়, সঞ্চয় জমা, খেলাপি ঋণের পরিমান কমানো সহ সামগ্রীক দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে।	ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম সহ সকল দাপ্তরিক কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া।
১৮.	**বন বিভাগ ঃ** **রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ** সভাকে জানান, গত মাসে ৫টি POR মামলা দায়ের করা হয়। ৫টি মামলায় ০২ জন ধৃত আসামী সহ ০৭ জনের নামে মামলা দায়ের করা হয়। ৫.০৯ ঘনফুট কাঠ জব্দ করা হয়। ০২টি UDOR মামলা দায়ের করা হয়। ০২টি UDOR মামলায় একটি অবৈধ বালিবাহী ট্রাক আটক করা হয়। ১০০ ঘনফুট বালি ও ৫০টি বল্লী জব্দ করা হয়। মাননীয় এমপি মহোদয়ের মাধ্যমে ৫০০০টি গাছের চারা ও ০৫টি সেলাই মেশিন বিনামূল্যে বিতরণ করা হয়। ঘূর্ণিঝড় হামুনের প্রভাবে ঝড়ে পড়া সেগুন, গর্জন, বেলজিয়াম ও আকাশ মনি গাছ আহরণ করে আনুমানিক ৪৯৭.৭৯ ঘনফুট সেগুন, ১১৩.৪১ ঘনফুট আকাশমনি, ১০৯ টি বল্লী, ১০২.৪৮ ঘনফুট গর্জন এবং ৫৯.৬৩ ঘনফুট মেনজিয়াম গাছ আহরণ করে বিভিন্ন বিট হেফাজতে নিয়ে আসা হয়। ০৫টি অবৈধ ঘর উচ্ছেদ করা হয়।	বনভূমির পাহাড় কর্তন ও জবর দখল উচ্ছেদ সহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।	রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ।
১৯.	**বন বিভাগ ঃ** **রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ** হতে কার্যপত্র পাওয়া যায়নি।	আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ।
২০.	**উপজেলা পরিসংখ্যান অধিদপ্তর ঃ** **উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া** হতে কার্যপত্র পাওয়া যায়নি।	আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া।
২১.	**বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ঃ** **নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, চকরিয়া, বিউবো, কক্সবাজার এর প্রতিনিধি** জানান, চকরিয়ার আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে নির্ভরযোগ্য ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রচেষ্টা চলমান আছে। সকলেই যেন নির্ভরযোগ্য বিদ্যুৎ পায় সে জন্য নতুন সংযোগ প্রদান, লাইন বর্ধিত করণ ও মেরামত করা হচ্ছে। আরো কিছু উন্নয়নমূলক কাজ চলমান। বিল বকেয়া আছে। সেই বকেয়া আদায়ে আমরা বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চকরিয়ার কর্মীরা সোচ্চার হই। ইতিমধ্যে আমরা অনেক বকেয়া আদায়ে সক্ষম হয়েছি।	১। দেশের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে বিদ্যুৎ বিলের বকেয়া উল্লেখযোগ্য ভাবে আদায় এবং বিদ্যুতের লাইন আরও কিয়ার রেখে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। হরতাল ও পিকেটিং এ বিদ্যুতের খুঁটির ব্যবহার বন্ধে দ্রুত মহাসড়কের পাশে স্তুপকৃত বিদ্যুতের খুঁটি সরানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, চকরিয়া, বিউবো, কক্সবাজার

২২.	**পল্লী বিদ্যুৎ সমিতি ঃ** **ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস**, চকরিয়া জানান, ঘূর্ণিঝড় হামুনের কারণে কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি চকরিয়া জোনাল অফিসের আওতাভূক্ত এলাকা সমূহের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা মারাত্মকভাবে ক্ষয়ক্ষতি হয়েছে। মাতারবাড়ি গ্রীড হতে চকরিয়া উপজেলার ৩৩ কেভি লাইন বিদ্ধস্ত হয়েছে। ঘূর্ণিঝড়ের পর র‌্যাপিড অ্যাকশনের মাধ্যমে দ্রুততার সাথে পল্লী বিদ্যুৎ অফিস ক্ষয়ক্ষতি নিরুপন করেছে। বিদ্ধস্ত লাইন ও বিতরণ ব্যবস্থা পুনরুদ্ধারে সর্বশক্তি নিয়ে কাজে নেমে পড়েছে। বর্তমানে প্রায় ক্ষতিগ্রস্থ সকল লাইনই রক্ষণাবেক্ষণ করা হয়েছে। ঈদগাঁও উপজেলা থেকে ৩৩ কেভি বাইপাস লাইনের মাধ্যমে চকরিয়া উপজেলার বিদ্যুৎ ব্যবস্থা চালু রাখা হয়েছে। মাতারবাড়ী থেকে আগত ৩৩ কেভি লাইন মেরামতের কাজ চলমান রয়েছে। পেন্ডিং রক্ষণাবেক্ষণ ও গ্রাহক অভিযোগ নিরসনের কাজ চলমান রয়েছে।	১। ঘূর্ণিঝড় হামুনের বিদ্যুৎ লাইন মারাত্মকভাবে বিদ্ধস্ত হওয়ায় বিদ্ধস্ত লাইন ও বিতরণ ব্যবস্থা পুনরুদ্ধারে সর্বশক্তি দিয়ে কাজ করায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ২। হরতাল ও পিকেটিং এ বিদ্যুতের খুঁটির ব্যবহার বন্ধে দ্রুত মহাসড়কের পাশে স্তুপকৃত বিদ্যুতের খুঁটি সরানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম,পবিস, জোনাল অফিস, চকরিয়া।
২৩.	**সড়ক ও জনপথ বিভাগ ঃ** **উপ-সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চকরিয়া** হতে কার্যপত্র পাওয়া যায়নি।	আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপ-সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চকরিয়া।
২৪.	**পানি উন্নয়ন বোর্ড ঃ** **উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া** জানান, আগামী এক সপ্তাহের মধ্যে স্লুইচ গেইট গুলি মেরামত কাজ সম্পন্ন করতে হবে। নিম্নলিখিত কমিটি আগামী ২৫/১১/২০২৪খ্রি: তারিখের মধ্যে রাবারড্যাম ফোলানো সম্পন্ন করে প্রতিবেদন প্রদান করবেন। কমিটি : ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া — আহবায়ক ২। চেয়ারম্যান, কোনাখালী, ঢেমুশিয়া ও বদরখালী ইউনিয়ন পরিষদ, চকরিয়া — সদস্য ৩। এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া — সদস্য ৪। উপজেলা কৃষি অফিসার, চকরিয়া — সদস্য-সচিব	১। আগামী এক সম্পাহের মধ্যে স্লুইচ গেইট গুলি মেরামত কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। আগামী ২৫/১১/২০২৪খ্রি: তারিখের মধ্যে রাবারড্যাম ফোলানো সম্পন্ন করে প্রতিবেদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া। ২। সংশ্লিষ্ট কমিটি।
২৫.	**ইসলামিক ফাউন্ডেশন ঃ** **সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন**, চকরিয়া জানান, হরতাল, অবরোধ, সন্ত্রাস-জঙ্গীবাদ বিষয়ে জনসচেতনতা মূলক জুম্মার খুতবায় বক্তব্য/আলোচনা অব্যাহত রয়েছে। ইসলামিক ফাউন্ডেশনের ইউনিয়ন পর্যায়ে শিক্ষা কার্যক্রম বিষয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যানদের পত্র মারফত অবহিত করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	ইমাম ও খতিবগণ হরতাল, অবরোধ, সন্ত্রাস-জঙ্গীবাদ বিষয়ে জনসচেতনতা মূলক জুম্মার খুতবায় নিয়মিত আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চকরিয়া।
২৬.	**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঃ** **স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস**, চকরিয়া জানান, অক্টোবর/২৪ মাসে অগ্নি দূর্ঘটনা ০৩টি, সড়ক দূর্ঘটনা ০২টি, ঘূর্ণিঝড় হামুনের আঘাতে রাস্তায় উপড়ে পড়া গাছ কেটে যানবাহন চলাচল স্বাভাবিক করা হয়। এছাড়াও অগ্নি দূর্ঘটনা, গাড়ি দূর্ঘটনা, উদ্ধার, ডুবরি কল, এ্যাম্বুলেন্স সার্ভিস ও বিভিন্ন সেবা কার্যক্রম চলমান রয়েছে।	যেকোন দূর্ঘটনায় দ্রুততার সহিত উদ্ধার অভিযান পরিচালনা করা সিদ্ধান্ত গৃহীত হয়।	স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চকরিয়া।
২৭.	**উপজেলা তথ্যকেন্দ্র ঃ** **তথ্যসেবা কর্মকর্তা (অ:দা:)**, চকরিয়া জানান, অক্টোবর/২৪ মাসে তথ্যকেন্দ্রের ৪টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। এতে ৫০ জন করে ২০০ মহিলাদের স্ব স্ব দপ্তর প্রধানের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম ও নারী নির্যাতন সহ বিভিন্ন বিষয় নিয়ে তথ্যসেবা প্রদান করা হয়। এছাড়া গ্রামীণ ৪৫০ জন মহিলাকে ডোর টু ডোর সেবা প্রদান করা হয় এবং তথ্যকেন্দ্রে আগত ৫০ জন মহিলাকে তথ্যসেবা ও অনলাইন সেবা প্রদান করা হয়। তথ্যকেন্দ্রে আগত মহিলাদের বিনামূল্যে ডায়বেটিস, প্রেসার, ওজন ও উচ্চতা পরিমাপ করে দেয়া হয়।	তথ্যকেন্দ্রের উঠান বৈঠক, ডোর টু ডোর সেবা, অনলাইন সেবা সহ সকল কার্যক্রমে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও দপ্তর প্রধান দের অর্ন্তভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্যসেবা কর্মকর্তা, চকরিয়া।
২৮.	**বিবিধ-০১ ঃ** **উপজেলা প্রকৌশলী**, চকরিয়া, সভাকে জানান, মেসার্স তারিন তামিম এন্টারপ্রাইজ কর্তৃক উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ কাজের ২য় চলতি বিল বাবদ ৬,২১,০৬০/- টাকার বিল প্রদান করেন। (২) অফিস সরঞ্জাম ক্রয় ৩(চ) ঃ উপজেলা পরিষদের স্টোর রুম ও অফিসের জন্য র‌্যাক সরবরাহ বাবদ জনাব রিয়াজ উদ্দিন সিপু, এমইউপি, ৫নং ওয়ার্ড, ডুলাহাজারা ইউনিয়ন পরিষদ কর্তৃক বিল ভাউচার প্রদান ২,০০,০০০/- টাকা। (৩) প্রশাসক, চকরিয়া পৌরসভা কর্তৃক ২০২৪-২০২৫ অর্থ বছরের পৌর করের বিল বাবদ ৫,৯৫,৮০৩/- টাকা বিল ভাউচার প্রদান করেন। (৪) বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা ৩(ভ)ঃ উপজেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারী আবাসিক বাসভবনের চারপার্শ্বের আগাছা ও সেপটিক ট্যাংক পরিস্কার বাবদ জনাব তারেকুল ইসলাম কে বিল প্রদান ২৫০০০/- টাকা।	১-৪ নং ক্রমিকের বিষয়ে বিস্তারিত আলোচান্তে বর্ণিত ব্যয়সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুমোদন করা হলো।	১। প্রশাসক, উপজেলা পরিষদ, চকরিয়া। ২। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ফখরুল ইসলাম)
প্রশাসক
ও
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০০.০০.২০২৪- ১০৩৫ তারিখ : ২৪/১১/২০২৪খ্রি:

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল।

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩. জেলা প্রশাসক, কক্সবাজার।
০৪. পুলিশ সুপার, কক্সবাজার।
০৫. সিভিল সার্জন, কক্সবাজার।
০৬. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কক্সবাজার।
০৭. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজার।
০৮. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কক্সবাজার।
০৯. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

জনাব .... চকরিয়া, কক্সবাজার।

(মো: ফখরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।
☏ ০৩৪২২-৫৬০৫০
✉ unochakaria2@gmail.com

২৪/১১/২০২৪খ্রিঃ তারিখ অনুষ্ঠিত নভেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির স্বাক্ষর

ক্র:নং	নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম	মোবাইল নম্বর	স্বাক্ষর
০১.	মোঃ জামাল মুর্শিদ SAE(SO), BWDB,	01762620330	[signature]
০২.	মো: আবু হাসনাত সরকার P.I.O চকরিয়া	01726-976958	[signature]
০৩.	মোহাম্মদ আমির হোসেন সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন	01818368163	[signature]
০৪.	মা(কে)রুর সরীফ UWAO	01716598626	[signature]
০৫.	শিমুল কান্তি (F.S) উপজেলা সমাজসেবা কার্যালয়	01553703750	[signature]
০৬.	লিটন কান্তি দেব (লেকচার) কাম্পিউটার সায়েন্স ও ম্যাটেরিয়াল টেকনোলজি টেকনিক্যাল- চকরিয়া	01812-699571	[signature]
০৭.	শুভব্রত ধর মেকানিক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর চকরিয়া, কক্সবাজার।	01814-782836	[signature]
০৮.	মো: মিজানুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী বন বিভাগ	01837350223	[signature]
০৯.	মহসিন আলম UEO, চকরিয়া,	01819-895454	[signature]
১০.	চম্পা রানী নাথ তথ্যসেবা কর্মকর্তা (অ:দা:)	01313704530	[signature]
১১.	নুরুল কবির SI উপজেলা পরিসংখ্যান অফিস	01815226353	[signature]
১২.	তাপস মল্লিক সভা নিয়ন্ত্রক	01864657572	[signature]
১৩.	মো: মাহফুজুর রহমান, ভার: রেঞ্জ কর্মকর্তা ফুলছড়ি রেঞ্জ,	01818972947	[signature]

২৪/১১/২০২৪খ্রিঃ তারিখ অনুষ্ঠিত নভেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির স্বাক্ষর

ক্র:নং	নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম	মোবাইল নম্বর	স্বাক্ষর
১৪.	মোঃ আবদুল মতিন উপজেলা যুব উন্নয়ন অফিসার	01917890369	
১৫.	[illegible] ২নং [illegible] চেয়ারম্যান [illegible]	01715879000	
১৬.	মোহাম্মদ [illegible] [illegible] উপজেলা [illegible]	01718-549955	
১৭.	[illegible]	01716259675	
১৮.	মেহরাজ উদ্দিন চেয়ারম্যান, ২নং [illegible]	01912530167	
১৯.	খলিল উদ্দিন চেয়ারম্যান [illegible]	01813-900097	
২০.	[illegible] চৌধুরী চেয়ারম্যান চিরিংগা	01857725246	
২১.	[illegible] চেয়ারম্যান, [illegible]	01822213984	
২২.	মোঃ মুজিবুর রহমান [illegible] [illegible]	01853137627	
২৩.	মোহাম্মদ মনিরুজ্জামান UEO (অ: দা:) উপজেলা শিক্ষা অফিস	01817769909	
২৪.	[illegible]	01706-555353	
২৫.	Bidhan Kanti Rudra UFPO,	01819724280	
২৬.	মো: [illegible] উদ্দিন [illegible] প্যানেল চেয়ারম্যান [illegible] ইউনিয়ন পরিষদ	01812222228	

২৪/১১/২০২৪খ্রিঃ তারিখ অনুষ্ঠিত নভেম্বর/২০২৪ মাসের
উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির স্বাক্ষর

ক্র:নং	নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম	মোবাইল নম্বর	স্বাক্ষর
২৭.	এম,এম সাদাদীর আনোয়ার [illegible] বি. এস. সি চেয়ারম্যান	01706555353	
২৮.	মোহাম্মদ জালালুদ্দিন [illegible] চেয়ারম্যান, [illegible]	01885-656333	
২৯.	[illegible] উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	01813689893	
৩০.	আবুল কালাম, বিট কর্মকর্তা [illegible] বিট, [illegible]	01818109883	
৩১.	মোঃ হাসানুল ইসলাম তালুকদার, চেয়ারম্যান, [illegible] ইউপি	01819-037575	
৩২.	[illegible] পৌর নির্বাহী কর্মকর্তা চকরিয়া পৌরসভা	01711-245313	
৩৩.	নির্মল দাশ সহকারী [illegible] [illegible] পল্লী বিদ্যুৎ সমিতি [illegible]	01846821505	
৩৪.	[illegible] চেয়ারম্যান, [illegible]	0131089977	
৩৫.	মোঃ [illegible] SAE/SO, BWDB,	01762620330	
৩৬.	মো: আবু হাসনাত সরকার P.I.O চকরিয়া	01726-976958	
৩৭.	নবী হোসেন চৌধুরী চেয়ারম্যান, [illegible]	01743920156	
৩৮.	মো: [illegible] SUFO উপজেলা মৎস্য দপ্তর	01718927656	
৩৯.	ডা. মোহাম্মদ আরিফ উদ্দিন ULO উপজেলা প্রাণিসম্পদ দপ্তর	01719-142295	